দৈনিক ইনকিলাব

তারিখ ... 9 MAY 2013 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৮ .....

শাহজাদপুরে ৩ দিনের বর্ণাঢ্য অনুষ্ঠানমালা শুরু

শাহজাদপুরে শিগগিরই রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম শুরু হচ্ছে

–উদ্বোধনী অনুষ্ঠানে স্পিকার ড. শিরীন

শামছুর রহমান শিপ্পির ঃ শাহজাদপুরে শিগগিরই রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম শুরু হচ্ছে। ২০১৩-২০১৪ সালেই রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের প্রথম শিক্ষাবর্ষে ছাত্র ছাত্রী ভর্তির প্রক্রিয়া ইতিমধ্যেই শুরু হয়েছে। রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের এসব কার্যক্রম কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের শাহজাদপুরের কাছারিবাড়ীতেই চলছে। স্থায়ী ক্যাম্পাসের কার্যক্রমও দ্রুত গতিতে এগিয়ে চলছে– জাতীয় কর্মসূচির অংশ হিসেবে গতকাল বুধবার সকালে সিরাজগঞ্জ জেলা প্রশাসন আয়োজিত কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫২তম জন্মবার্ষিকী ও নোবেল বিজয় প্রাপ্তির একশ' বছর উদযাপন উপলক্ষে শাহজাদপুরের কাছারিবাড়ীতে ৩ দিনের বর্ণাঢ্য অনুষ্ঠানমালার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ কথাগুলো বলেন নবনির্বাচিত দেশের প্রথম নারী স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। এসময় বিশেষ অতিথি স্থানীয় এমপি চয়ন ইসলাম বলেন, 'শাহজাদপুরবাসীর দীর্ঘদিনের স্বপ্ন বর্তমান সরকার বাস্তবায়িত করেছে। সকল জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে শাহজাদপুরেই রবীন্দ্র বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে শাহজাদপুরবাসী গভীর কৃতজ্ঞ। এখন আর পাবনা সিরাজগঞ্জবাসীসহ বগুড়া, জামালপুর ও নেত্রকোনা জেলার ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষার জন্য দূরের বিশ্ববিদ্যালয়গুলোতে যেতে হবে না। শাহজাদপুরে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫২তম জন্মবার্ষিকী ও নোবেল প্রাপ্তির শতবর্ষ উদযাপন উপলক্ষে শাহজাদপুরের কাছারিবাড়ী প্রাঙ্গণে ৩ দিনের উদ্বোধনী অনুষ্ঠানমালায় স্বাগত বক্তব্য রাখেন, বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির বন ও পরিবেশ বিষয়ক সম্পাদিকা জাহানারা আরা বেবি। সিরাজগঞ্জ জেলা প্রশাসক আমিনুল ইসলাম উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। উক্ত অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, ইসহাক হোসেন তালুকদার এমপি, তানভীর শাকিল জয় এমপি, রুমানা মাহমুদ এমপি, রাজশাহী বিভাগীয় কমিশনার হেলালউদ্দীন আহমেদ, সিরাজগঞ্জ জেলার প্রশাসক আব্দুল মজিদ মন্ডল, পুলিশ সুপার এসএম এমরান, সিরাজগঞ্জ জেলা আ'লীগের সভাপতি মোস্তাফিজুর রহমান, সম্পাদক অ্যাড. কেএম হোসেন আলী হাসান, শাহজাদপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান হাফিজুর রহমান স্বপন, শাহজাদপুর উপজেলা নির্বাহী অফিসার রাসেল সাবরিন, প্রফেসর নাছির-উদ্দিন, মালিহা, অধ্যাপক আজাদ রহমান, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান গোলাম মওলা আজম, শাহজাদপুর সার্কেলের এএসপি জিল্লুর রহমান প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানে সংগীত পরিবেশন করে উল্লাপাড়া ও শাহজাদপুর শিল্পকলা একাডেমীর শিল্পীবৃন্দ। এদিকে শাহজাদপুরে কবিগুরুর ১৫২তম জন্মবার্ষিকী ও নোবেল প্রাপ্তির শতবর্ষ উদযাপন উপলক্ষে জেলা প্রশাসন আয়োজিত ৩ দিনের উক্ত অনুষ্ঠানকে ঘিরে শাহজাদপুরবাসী উৎসবের আমেজে মেতে উঠেছে। এ উপলক্ষে স্থানীয় পাইলট উচ্চ বিদ্যালয় মাঠে ৭ দিনের রবীন্দ্র মেলা শুরু হয়েছে। উক্ত ৩ দিনের বর্ণাঢ্য অনুষ্ঠানমালা উদযাপন উপ[illegible] উক্ত অনুষ্ঠান উপভোগ করতে [illegible] থেকে আগত রবীন্দ্র ভক্ত শাহ[illegible] এসে কবিগুরুর কাছারিবাড়ী [illegible] ভক্তি ঢেকুর ফেলে ঘরে ফিরেছে।

রামগড় (খাগড়াছড়ি) উপজেলা সংবাদদাতা জানান, খাগড়াছড়ি রামগড় উপজেলা প্রশাসনের উদ্যোগে রবিবার সকাল ১০টায় টাউন হল রুমে বিশ্ব কবি রবিন্দ্রনাথ ঠাকুরের ১৫১ তম জন্মবার্ষিকী ও নোবেল পুরস্কার প্রাপ্তির শতবর্ষ উদযাপন করা হয়। এ উপলক্ষে উপজেলা চত্বর হতে র‍্যালি, আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে সমাপ্ত হয়। ইউএনও আমিনুল ইসলামের সভাপতিতে বক্তব্য রাখেন, মৎস্য কর্মকর্তা জসীম উদ্দিন, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সাইফুল হক, পরিসং কর্মকর্তা নাসুর মামুন, উপজেলা আ'লীগের মোস্তফা হোসেন। উপস্থিত ছিলেন সরকারি-বেসরকারি কর্মকর্তা, স্কুল মাদ্রাসার শিক্ষক, শিক্ষার্থী, সাংবাদিকগণ প্রমুখ।

কুঠিবাড়িতে কবি গুরুর জন্মজয়ন্তী

কুষ্টিয়া থেকে স্টাফ রিপোর্টার জানান, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫২তম জন্মবার্ষিকী উপলক্ষে কবির স্মৃতিবিজড়িত কুষ্টিয়ার কুমারখালী উপজেলার শিলাইদহ কুঠিবাড়িতে শুরু হয়েছে তিনদিনের বর্ণাঢ্য অনুষ্ঠান।

বুধবার বেলা সাড়ে ১১টায় কুঠিবাড়ি রবীন্দ্র মঞ্চে আনুষ্ঠানিকভাবে তিনদিনের এ অনুষ্ঠানের উদ্বোধন করেন কুষ্টিয়া-৪ (কুমারখালী-খোকসা) আসনের সংসদ সদস্য বেগম সুলতানা তরুণ। কুষ্টিয়া জেলা প্রশাসনের আয়োজনে কবির জন্মবার্ষিকী ও নোবেল প্রাপ্তির শত বর্ষপূর্তির এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কুষ্টিয়া জেলা প্রশাসক সৈয়দ বেলাল হোসেন।

পতিসরে কবিগুরুর জন্মজয়ন্তী উদযাপন

নওগাঁ জেলা সংবাদদাতা জানান, লেখক সমাবেশ, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যদিয়ে নওগাঁর পতিসরে গতকাল বুধবার অনুষ্ঠিত হয়েছে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫২তম জন্ম জয়ন্তী ও তাঁর নোবেল বিজয়ের শত বর্ষপূর্তি উৎসব। সংস্কৃতি মন্ত্রণালয়ের সহযোগিতায় জেলা প্রশাসন আয়োজিত জাতীয় কর্মসূচির অংশ হিসেবে সকাল ১০টায় নওগাঁর আত্রাই উপজেলার প্রত্যন্ত এলাকা পতিসরের রবীন্দ্র কাছারিবাড়ীর দেবেন্দ্র মঞ্চে এ অনুষ্ঠানের উদ্বোধন করা হয়। এ উপলক্ষে কাছারিবাড়ী প্রাঙ্গণে বসেছে রবীন্দ্র মেলা। অনুষ্ঠানের উদ্বোধন করেন নওগাঁ-৬ (আত্রাই-রানীনগর) আসনের সংসদ সদস্য ইসরাফিল আলম এমপি।

পতিসর রবীন্দ্রনাথ কৃষি ও প্রযুক্তি ইনস্টিটিউটের উদ্যোগে নওগাঁ-৬ আসনের সংসদ সদস্য ইসরাফিল আলমের সভাপতিত্বে লেখক সমাবেশে [illegible] আলোচনায় অংশ নেন নওগাঁ, নাটোর, [illegible] ও রাজশাহী এলাকার প্রায় তিনশ' [illegible] লেখক ও কবি।